



বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশন (বিসিক)

৩৯৮, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮



২৭ তম ঢাকা আন্তর্জাতিক বাণিজ্য মেলায় অংশগ্রহণ সংক্রান্ত বিজ্ঞপ্তি

এতদ্বারা সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে আগামী ১-৩১ জানুয়ারি ২০২৩ বঙ্গবন্ধু বাংলাদেশ চায়না ফ্রেন্ডশিপ এক্সিবিশন সেন্টার (বিবিসিএফইসি), পূর্বাচল, ঢাকায় আয়োজিতব্য ২৭ তম ঢাকা আন্তর্জাতিক বাণিজ্য মেলায় বিসিকের প্যাভিলিয়নে কুটির, মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারি শিল্প উদ্যোক্তাদের ৮ ফুট X ৮ ফুট আকারের সর্বমোট ২২ টি স্টল যোগ্যতার ভিত্তিতে বরাদ্দ প্রদান করা হবে।

এমতাবস্থায়, বিসিকের নিবন্ধিত আগ্রহী শিল্প উদ্যোক্তাদের আগামী ২০/১২/২০২২ খ্রি. তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারী বরাবর নির্ধারিত ফর্মে আবেদন করার জন্য অনুরোধ করা হলো। আবেদনের সাথে বিসিক নিবন্ধন, ছবি, ড্রেড লাইসেন্স, টিন সনদ ও ট্যাক্স প্রদানের প্রমাণক, উদ্যোক্তা ও সহকারীর জাতীয় পরিচয়পত্রের ফটোকপি, স্টলে প্রদর্শন/বিক্রয়ের জন্য নির্বাচিত পণ্যের তথ্যসহ তালিকা এবং স্টল ফি'র সমমূল্যের পে-অর্ডার 'বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশন' শিরোনামে সংযুক্ত করতে হবে। আবেদন ফর্ম বিসিক ওয়েবসাইট (<http://www.bscic.gov.bd/>) অথবা বিপণন বিভাগ থেকে সংগ্রহ করা যাবে।

এ সংক্রান্ত তথ্য, পরামর্শ বা সাচিবিক সহায়তার জন্য বিপণন বিভাগ, বিসিক, ঢাকা (বিসিক ভবন, ৭ম তলা, ৩৯৮ মেয়র আনিসুল হক সড়ক, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮; ফোন: ০১৫৭১৭১৩৬৬৪, ০১৫৩৩৩৭৪৯০৫) এ যোগাযোগ করা যেতে পারে।

মোঃ আবদুল মতিন

পরিচালক (বিপণন, নকশা ও কারুশিল্প)

ইমেইল: dirmarketing@bscic.gov.bd